



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০০২.২৩.৭৫

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ১০০% রপ্তানীমুখী “টেক্সটাইল নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতের বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ৪৬৬, তারিখঃ ০২/০৫/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, টুটেক্স এ্যাপারেল লিমিটেড, অফিসঃ বাড়ী-১০, ফ্ল্যাট-এ৪, রোড-৪, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০ ও কারখানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ নামক কারখানাটি ১০০% রপ্তানীমুখী “টেক্সটাইল নিটিং, নীট ও ওভেন গার্মেন্টস” উপ-খাতে নিবন্ধনকৃত একটি বস্ত্র শিল্প ইউনিট। যার নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি/এফ ০০০৯৪২-২২, তারিখ-১৮/০৪/২০২২ খ্রিঃ। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং-৯০৫১৫১০০, তারিখ- ২২-০৩-২০২৩ খ্রিঃ, এয়ারওয়ে বিল/বিল অব লেডিং নং- TPYARCTG23030386, তারিখ- ০৩-০৪-২০২৩ খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ৮৮,০০০.০০ ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানার ঠিকানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০ এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।



০৩-০৫-২০২৩

মো:সাইফুর রহমান

উপ-পরিচালক


প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ১১১-১১৩ মতিঝিল, বা/এ ঢাকা।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৮.০০২.২৩.৭৫/১ (৪)

তারিখ: ২০ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাষ্টমস হাউজ, চট্টগ্রাম/ঢাকা।;
- ২। মহা-ব্যবস্থাপক, পরিসংখ্যান বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।;
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ট্রুটেক্স এ্যাপারেল লিমিটেড, অফিসঃ বাড়ী-১০, ফ্ল্যাট-এ৪, রোড-৪, সেক্টর-৩, উত্তরা, ঢাকা-১২৩০
ও কারখানাঃ দাগ নং-৭৮৯, ৭৯২, ৭৯৩, ৭৯৪, ৮১৪-৮২০, মাসকা, মাসকা বাজার, কেন্দুয়া, নেত্রকোনা-২৪৮০। এবং
- ৪। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।





০৩-০৫-২০২৩

কামরুল আলম

সহকারী পরিচালক